

স্মারক নং- ৫৬.৪২.০০০০.৮০৬.১২.০১৪.১৯.১৯১.৩

তারিখ: ১৭ চৈত্র, ১৪২৫  
৩ এপ্রিল, ২০১৯

বিষয় : এটুআই “উদ্ভাবকের খোঁজে সিজেন-২ ” রিয়েলিটি শো এর ক্যাম্পেইন কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উদ্ভাবন মনস্ক জাতি গঠন ও মাননীয় প্রধানমন্ত্রীর জ্ঞান ভিত্তিক সামাজিক তৈরি এবং দেশ সেবা উদ্ভাবকের উদ্ভাবনী আইডিয়ার মধ্য দিয়ে সরকারি ও বেসরকারি পর্যায়ে ব্যক্তি ও প্রতিষ্ঠানের উদ্ভাবনী চিন্তাভাবনা বিকশিত করে তোলার সুযোগ সৃষ্টি করা, উদ্ভাবনের প্রতি মানুষের আগ্রহ বৃদ্ধি করা, দেশের উন্নয়নে উদ্ভাবনের সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করা এবং সারাদেশে উদ্ভাবনের সংস্কৃতি গড়ে তোলা দ্বিতীয় বারের মতো আয়োজিত এ রিয়েলিটি শো’র মূল লক্ষ্য।

২) আয়োজিত রিয়েলিটি শো বিভাগীয় পর্যায়ে বাছাই এর মাধ্যমে উদ্ভাবককে প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে এবং পরবর্তীতে এটুআই ইনোভেশন ল্যাব এবং মেন্টর প্যানেলের মেন্টরগনের মেন্টরিং এর মাধ্যমে গুনিং করে ফাইনাল রাউন্ডে প্রতিযোগিতার জন্য যোগ্য করে তোলা হবে।

৩) উক্ত রিয়েলিটি শো তে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য ক্যাম্পেইন কর্মশালায় আয়োজন করা হবে। যেখানে এটুআই এবং চ্যানেল আই এর কর্মকর্তারা উপস্থিত থাকবেন।

৪) এমতাবস্থায় আপনার বিশ্ববিদ্যালয়ে এটুআই ইনোভেশন ল্যাব এবং এইচডি মিডিয়া আগামী ০৯ এপ্রিল সকাল ১১:০০ মিনিটে তারিখে একটি কর্মশালায় আয়োজন করতে আগ্রহী। উক্ত কর্মশালায় সম্মানিত শিক্ষক এবং বিশ্ববিদ্যালয় ক্লাব সমূহের সভাপতি সদস্য এবং আগ্রহী শিক্ষার্থীদেরকে উপস্থিত থাকার জন্য বিনীতভাবে অনুরোধ করা হল।

৫) বিগত বছরের উদ্ভাবকের খোঁজে ইউটিউব লিংক

<https://www.youtube.com/watch?v=Ns&rPzQIXkI>

<https://www.youtube.com/watch?v=PPSvHsJqko&t=৩৭১৯>



ফারুক আহমেদ জুয়েল

হেড অফ টেকনোলজি

এটুআই ইনোভেশন ল্যাব

ইমেইল: faruq.ahmed@a2i.gov.bd